

পরীক্ষা চলাকালে হরতাল ডাকা কেন বেআইনি হবে না

হাইকোর্টে রিট আবেদন : রোববার শুনানি হতে পারে

□ স্টাফ রিপোর্টার : পাবলিক পরীক্ষা চলাকালে হরতাল ডাকা কেন আইন বহির্ভূত হবে না তা জানতে চেয়ে হাইকোর্টে রিট আবেদন করা হয়েছে। আগামী রোববার এ রিট আবেদনের শুনানি হতে পারে। গতকাল বৃহস্পতিবার বিচারপতি এএইচএম শামসুদ্দিন চৌধুরী ও বিচারপতি জাহাঙ্গীর হোসেনের সম্মুখে গঠিত বেঞ্চ রিট আবেদনটি উপস্থাপন করা হয়। সুপ্রিম কোর্টের আইনজীবী মো. ইউনুস আলী আকন্দ গতকাল এই রিট আবেদনটি দাখলের করেন। রিট আবেদনে পরীক্ষা চলাকালে হরতাল আরোপ না করতে, কেন নির্দেশ দেয়া হবে না, এই মর্মে রুল চাওয়া হয়েছে। রুল বিচার্যতায় থাকে অবস্থায় ২০১২ সালের এইচএসসি পরীক্ষার সময় হরতাল আরোপেও স্থগিতদেশের আবেদন রয়েছে রিটে। রিটে বিএনপি ও আওয়ামী লীগের জেনারেল সেক্রেটারি, শিক্ষা সচিব, স্বরাষ্ট্রসচিব, সংসদ সচিবালয়ের সচিব ও জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতাকে বিবাদী করা হয়েছে। রিটকারী মো. ইউনুস আলী আকন্দ সাবেদিকদের বলেন, রিট আবেদনের শুনানির দিন আগামী রোববার ঠিক করেছে।

পরীক্ষা চলাকালে হরতাল ডাকা

প্রথম পৃষ্ঠার পর

আদালত। তিনি আরো বলেন, হরতাল গণতান্ত্রিক অধিকার। তবে পরীক্ষা দেয়াও শিক্ষার্থীদের অধিকার। তাদের এ অধিকার থেকে বঞ্চিত করা হবে নৈতিক অধিকারের লঙ্ঘন।
প্রসঙ্গত, বিএনপির সাংগঠনিক সম্পাদক এম ইলিয়াস আলী নিকের হওয়ার ঘটনার গত রোববার থেকে টানা তিনদিন শালা দেশে হরতাল করে দলটি। একই কারণে এর আগে গত বৃহস্পতিবার সিলেট বিভাগের চার জেলায় হরতাল হয়। হরতালের কারণে এই দিনগুলো পরীক্ষা পিছিয়ে দিতে বাধ্য হত শিক্ষা মন্ত্রণালয়। বৃহস্পতি বিএনপি নেতৃত্বাধীন ১৮ দলীয় জোটের এক বৈঠকের পর নেতারা ইতিপূর্বে মেন, ইলিয়াসকে শনিবারের মধ্যে 'পাওয়া' না গেলে পরদিন থেকে বিরোধী জোট আহ্বান টানা হরতাল করবে।